# সতর্কতামূলক বার্তা

সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে, কিছু সংখ্যক প্রতারক সামাজিক যোগাযোগমাধ্যমসহ বিভিন্ন মাধ্যমে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), শিক্ষা মন্ত্রণালয় এর মহাপরিচালক এবং অন্যান্য কর্মকর্তাদের ছবি, নাম ও পদবি ব্যবহার করে বিভিন্ন ব্যক্তির কাছে অর্থ দাবী করা সহ ব্যক্তিগত তথ্য হাতিয়ে নেওয়ার চেষ্টা করছে। এরূপ অপচেষ্টায় ভুয়া মোবাইল নম্বর ব্যবহার করে ফোনকল, মেসেজ বা অনলাইন যোগাযোগ মাধ্যমে বিভ্রান্ত না হওয়ার জন্য এবং কোনরূপ অর্থ লেনদেন, OTP বা পিন নম্বর ও ব্যক্তিগত তথ্য প্রদান না করার জন্য অনুরোধ করা হলো।

এছাড়া প্রতারকদের পাঠানো কোন ই-মেইল এবং মেসেজ লিংকে ক্লিক না করার জন্য অনুরোধ করা হলো।

এ ধরনের প্রতারণামূলক কোন চেষ্টা আপনার নজরে এলে আপনার নিকটস্থ থানা বা আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে দ্রুত অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
শিক্ষা মন্ত্রণালয়